দৈনিক জনকণ্ঠ

৯৪

15 DEC 1995

তারিখ ... 15 DEC 1995 ... ...
পৃষ্ঠা ... ৯ ... কলাম ... ৫ ......

# সঙ্কটের আবর্তে জকিগঞ্জ সরকারী কলেজ

**স্টাফ রিপোর্টার, সিলেট অফিস ॥** শিক্ষক সঙ্কট, শিক্ষা উপকরণের অভাবসহ নানা সমস্যায় জর্জরিত জকিগঞ্জ সরকারী কলেজে কার্যক্রম ব্যাহত হচ্ছে।

থানা সদরের আটগ্রাম [illegible] পাশে ১৯৮৫ সালে কলেজটি [illegible] হয়। ১৯৮৮ সালে একমাত্র এ কলেজটিকে সরকারীকরণ করা হয়।

কলেজের ভবন, আসবাবপত্র, টেলিফোন, বিদ্যুত ব্যবস্থা নেই বললেই চলে। বর্তমানে কলেজে শুধুমাত্র মানবিক ও বাণিজ্য বিভাগে ক্লাস চলছে। শিক্ষক ও বিজ্ঞানাগার ভবনের অভাবে বিজ্ঞান বিভাগ চালু করা হয়নি। কলেজে স্নাতক শ্রেণী চালু করার কথা থাকলেও আজ পর্যন্ত এ ব্যাপারে কোন পদক্ষেপ নেয়া হয়নি। ফলে পার্শ্ববর্তী এলাকার কয়েক শ' ছাত্রছাত্রী শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। এ ছাড়াও প্রতিবছর বহু সংখ্যক ছাত্রছাত্রী কলেজে ভর্তি হতে না পেরে লেখাপড়ায় ইতি টানছে। কারণ ছাত্রছাত্রী অর্থনৈতিক দুরবস্থার কারণে জকিগঞ্জের বাইরে গিয়ে লেখাপড়া করতে পারছে না। থানার ১৪টি বিদ্যালয় থেকে সহস্রাধিক ছাত্রছাত্রী এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয় প্রতিবছর। অথচ শ্রেণীকক্ষ ও শিক্ষক সঙ্কটের কারণে কলেজে ভর্তি করা হয় মাত্র ৬০ জনকে।

কলেজে অধ্যক্ষসহ ৮ জন রয়েছে। বিজ্ঞান বিভাগে ১ জন শিক্ষকের পদ শূন্য রয়েছে। ছাত্রছাত্রীদের জন্য আলাদা শৌচাগার, কমনরুম নেই। নেই শিক্ষকদের স্টাফ কোয়ার্টার। এতসব সমস্যায় জর্জরিত কলেজে উন্নয়নের কোন পদক্ষেপ নেয়া হচ্ছে না। ছাত্র ছাত্রীদের ভবিষ্যত নিয়ে অভিভাবক মহল উৎকণ্ঠিত।